দৈনিক ইনকিলাব

57

তারিখ DEC. 15 1999
পৃষ্ঠা ৫ কলাম ৩

# ঢাকা ভার্সিটি কর্তৃপক্ষ শেখ হাসিনাকে বিদ্যাসাগর বানানোর সুযোগ নিয়েছে

—ছাত্রদল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ আগামী শনিবার অনুষ্ঠেয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪০তম সাধারণ সমাবর্তনে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিতর্কিত ডক্টরেট ডিগ্রী প্রদানের সিদ্ধান্তের প্রতিবাদে জাতীয়তাবাদী ছাত্রদল ঐ দিন ঢাকা শহরে অর্ধ দিবস হরতালের আহবান করেছে। গতকাল (মঙ্গলবার) সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ছাত্রদল এ কর্মসূচীর ঘোষণা দেয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে ছাত্রদল সভাপতি হাবিব-উন-নবী সোহেল বলেন, শেখ হাসিনা আমাদের শিক্ষা ব্যবস্থাকে নতুন শতকের উপযোগী না করে বরং শিক্ষা উপকরণের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি, শিক্ষাঙ্গনে অস্ত্রধারী, ছিনতাইকারী, অপহরণকারী আমদানী, চর দখলের মত হল দখল করে হাজার হাজার ছাত্র-ছাত্রীর শিক্ষা জীবনের টুঁটি চেপে ধরেছে। আজ পর্যন্ত শতাধিক ছাত্রকে হত্যা করেছে, দশ হাজার ছাত্র নেতা-কর্মীকে গ্রেফতার করা হয়েছে। তারপরও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শেখ হাসিনাকে ডক্টরেট ডিগ্রী প্রদান করবে। লিখিত বক্তব্যে আরো বলা হয়, প্রায় ৩০ বছর পর অনুষ্ঠেয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ উৎসব 'সাধারণ সমাবর্তন' আজ কিছু আওয়ামী শিক্ষকের সরকারী সুযোগ-সুবিধা প্রাপ্তির কৃতজ্ঞতা জ্ঞাপনের চাতুর্যময় অনুষ্ঠানে পর্যবসিত হয়েছে। প্রধানমন্ত্রীকে নারীর ক্ষমতায়নের জন্য ডিগ্রী দেয়া হবে, অথচ তার আমলেই এদেশের নারীরা সবচেয়ে বেশী লাঞ্ছিত হয়েছেন। প্রকাশ্যে রাজপথে পুলিশ নারীকে বিবস্ত্র করেছে, ৫ বছরের শিশু তানিয়া থেকে ষাট বছরের বৃদ্ধারাও আজ রেহাই পাচ্ছে না। হাসিনা সরকারের শান্তি চুক্তির ফলে আজ দেশের এক-দশমাংশ ভূখণ্ডের উপর আমাদের সার্বভৌমত্ব হারাতে বসেছি। সংবাদ সম্মেলনে বলা হয়, একশ্রেণীর আওয়ামী বুদ্ধিজীবী ও প্রচার মাধ্যম প্রধানমন্ত্রীর এই সকল ব্যর্থতাকে সাফল্য ও শেখ হাসিনাকে শান্তির দেবী হিসেবে দেশ-বিদেশে প্রতিষ্ঠার জন্য উঠে পড়ে লেগেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও ডঃ অমর্ত্য সেনের পাশে শেখ হাসিনাকে বিদ্যাসাগর বানানোর সুযোগ নিয়েছে। কর্তৃপক্ষের এই দুরভিসন্ধির ফলে বিভিন্ন মনীষীদের বিভিন্ন সময়ে বিশ্ববিদ্যালয় থেকে প্রদত্ত সম্মানসূচক ডিগ্রীগুলো ম্রিয়মান হয়ে পড়বে।